

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য
এডিবি ২৪ কোটি ৫৮ লাখ
টাকা ঋণ দেবে

এশীয় উন্নয়ন ব্যাংক উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সহায়তা হিসেবে ২৪ কোটি ৫৮ লাখ ৮ হাজার টাকা এসডিআর-এর মাধ্যমে ঋণ দেবে। এ বিষয়ে এশীয় উন্নয়ন ব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে বলে জানা গেছে। ম্যানিলায় বাংলাদেশের রাষ্ট্রদূত আবু হেনা এবং এশীয় উন্নয়ন ব্যাংকের উপ-প্রধান সেক্টার এস এ লুজ প্রাথমিক চুক্তি স্বাক্ষর করেছেন।

এই ঋণ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে প্রাথমিক, মাধ্যমিক স্নাতক ও কারিগরি শিক্ষা বিস্তারে সহায়ক হবে। এই বিশ্ববিদ্যালয়ে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় প্রকার শিক্ষার সুযোগ থাকবে, জনসংখ্যা রোধ করার জন্যে প্রশিক্ষণ দেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের তত্ত্বাবধানে বর্তমানে এই প্রকল্প প্রক্রিয়ান্বিত। খবর ইউএনবি।

21